সংবাদ

তারিখ 02 FEB 2016
পৃষ্ঠা ৭ কলাম ২

### ফুলবাড়ীয়ার কান্দানিয়া উচ্চ বিদ্যালয়

# অবৈধ রেজুলেশনে প্রধান শিক্ষক বরখাস্ত : তোলপাড়

**প্রতিনিধি, ফুলবাড়ীয়া (ময়মনসিংহ)**

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির ৬ সদস্যের পদত্যাগপত্র জমা দেয়ার পর অবৈধ রেজুলেশনের মাধ্যমে ফুলবাড়ীয়ায় কান্দানিয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাময়িক বরখাস্তে শিক্ষার্থী অভিভাবক মহলে তোলপাড় শুরু হয়েছে।

জানাযায়, গত ১৬ ডিসেম্বর ম্যানেজিং কমিটির সভাপতি শহিদ মলিকের অদক্ষতা, অব্যবস্থাপনা ও সার্বিক অনিয়মের বিরুদ্ধে এক সভায় কমিটির ৬ সদস্য পৃথক পৃথক ভাবে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছে পদতাগপত্র জমা দেন। বিদ্যালয়টি একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত ম্যানেজিং কমিটির ৬ সদস্য পদত্যাগ করায় বিদ্যালয় পরিচালনা সম্ভব নয় মর্মে পরদিন ১৭ ডিসেম্বর কমিটি ভেঙ্গে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরাবর একটি আবেদন পাঠায়। আবেদনের প্রেক্ষিতে শিক্ষা বোর্ড ১৭ জানুয়ারি সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর পাঠায়। যা তদন্তাধীন অবস্থায় রয়েছে।

এদিকে ম্যানেজিং কমিটির সভাপতি প্রধান শিক্ষকের প্রতি ক্ষুব্ধ হয়ে গত বৃহস্পতিবার বিদ্যালয় সভাপতি শহিদ মলিক নানা অভিযোগ এনে কান্দানিয়া উচ্চ বিদ্যালয় পরিচালনা কমিটি এক জরুরি সভা আহ্বান করে প্রধান শিক্ষককে সাময়িক বরখাস্ত করেন। কমিটির ৬ সদস্যের পদত্যাগ তদন্তাধীন থাকা অবস্থায় প্রধান শিক্ষক সাময়িক বরখাস্তের ঘটনায় বিদ্যালয়ের শিক্ষার্থীসহ অভিভাবক মহলে তোলপাড় শুরু হয়। এ ব্যাপারে প্রধান শিক্ষক শাখাওয়াত হোসেন জানায়, পদত্যাগকৃত ৬ সদস্যের মধ্যে ৩ সদস্যকে সভাপতি মোটা অংকের উৎকোচ দিয়ে ও একজন সহকারী শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের লোভ দেখিয়ে সাময়িক বরখাস্তের অবৈধ রেজুলেশনে সাক্ষর করিয়ে নেয়। এর প্রতিকার চেয়ে একটি অভিযোগ বিদ্যালয়ের প্রধান শিক্ষক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কাছে প্রেরণ করেছেন। উর্ধ্বতন কর্তৃপক্ষের জরুরি হস্তক্ষেপ কামনা করেছেন বিদ্যালয়ের অভিভাবক মহল।